# লোক ও কারুশিল্প মিডিয়াকর্মী ফেলোশিপ নীতিমালা ২০২১

## ১. শিরোনাম

এ নীতিমালা 'লোক ও কারুশিল্প মিডিয়াকর্মী ফেলোশিপ নীতিমালা ২০২১' নামে অভিহিত।

## ২. পটভূমি

বাংলাদেশের লোক ও কারুশিল্পেরপ্রসারে জনসচেতনা বৃদ্ধির কোন বিকল্প নেই। প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ এ বিষয়ে তথ্যসমৃদ্ধ প্রতিবেদন রচনা ও প্রকাশ এবং রিপোর্ট তৈরি ও সম্প্রচারের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করতে পারেন। স্বাস্থ্যসম্মত, পরিবেশ-বান্ধব এবং মূল্যে সাশ্রয়ী কারুপণ্য সম্পর্কে সাধারণ জনগণ, ক্রেতা ও ভোক্তাদের সচেতন করতে এবং এর ব্যবহারে আগ্রহী করে তুলতে প্রতিবেদন বা রিপোর্ট তৈরিতে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত তরুণ সাংবাদিকদের উদ্ধুদ্ধ করাই এ ফেলোশিপের উদ্দেশ্য।এ কার্যক্রম সফল ভাবে সম্পন্ন করার লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

## ৩. বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।

## ৪. ফেলোশিপ বিবরণ

(১) প্রিন্ট মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়া ক্যাটাগরিতে আলাদাভাবে একজন করে মোট দুইজন সাংবাদিককেপ্রতিবছর এ ফেলোশিপ প্রদান করা হবে;

(২) ফেলোশিপের মেয়াদ হবে ৬(ছয়) মাস;

(৩) ফেলোশিপের জন্য নির্বাচিত মিডিয়াকর্মীকে এক লক্ষ টাকা এবং একটি সনদ প্রদান করা হবে;

(৪) নির্বাচিত সাংবাদিকগণ ৬(ছয়) মাসে ফাউন্ডেশনের সাথে আলোচনাক্রমে ৩ (তিন)টি অনুসন্ধানী প্রতিবেদন (প্রিন্ট মিডিয়ার ক্ষেত্রে) এবং ৩(তিন)টি ডকুমেন্টারি/রিপোর্ট তৈরিসহ (ইলেক্ট্রনিক মিডিয়ার ক্ষেত্রে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

## ৫. ফেলোশিপের জন্য আবেদন করার যোগ্যতা

(১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(২) আবেদনকারীর বয়স ৪০ বছরের মধ্যে হতে হবে;

(৩) আবেদনকারীকে প্রিন্ট অথবা ইলেকট্রনিক মিডিয়ায় ন্যূনতম ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থকতে হবে;

(৪)প্রিন্ট-মিডিয়া ক্যাটাগরিতে আবেদনকারীর৩টি প্রতিবেদনজাতীয় সংবাদপত্র/ ম্যাগাজিন/ সাময়িকীতে প্রকাশিত হতে হবে;

(৫) একইভাবে, ইলেকট্রনিক-মিডিয়া ক্যাটাগরিতে আবেদনকারীর৩টি রিপোর্ট টেলিভিশনে সম্প্রচারিত হতে হবে:

(৬) একবার ফেলোশিপ প্রাপ্ত হলে পরবর্তী ৩ (তিন) বছর তিনি ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না।

## ৬. আবেদন আহ্বান, দাখিল ও বাছাই

(১) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর জানুয়ারি মাসে বহুল প্রচলিত একটি জাতীয় বাংলা ও একটি জাতীয় ইংরেজি সংবাদপত্রে বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে ফেলোশিপের জন্য আবেদন আহ্বান করবে;

(২) নির্ধারিত আবেদন ফরম (তফসিল-ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডের ব্যবস্থা থাকবে;

(৩) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে আবেদনকারীগণ আবেদন পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ বরাবর সরাসরি/অনলাইনে/ডাকযোগে দাখিল করবে;

(৪) আবেদনকারীকে তাঁর কর্মজীবন সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণসহ জীবনবৃত্তান্ত আবেদনের সাথে জমা দিতে হবে;

(৫) প্রকাশিত প্রতিবেদনসমূহের মূল কপি আবেদনের সঙ্গে জমা দিতে হবে যাতে সংবাদপত্রের এবং নিবন্ধকের নাম ও তারিখ দৃশ্যমান হয় এবং সংশ্লিষ্ট গণমাধ্যমের সম্পাদক কর্তৃক নিবন্ধটি প্রকাশিত হয়েছে মর্মে প্রকাশের তারিখ উল্লেখসহ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। একইভাবে, টেলিভিশনে সম্প্রচারিত ডকুমেন্টারির অনলাইন লিংক (লিংক না থাকলে ভিডিও'র সম্পূর্ণ স্ক্রিপ্ট সিডি/ডিভিডি) জমা দিতে হবে; সেক্ষেত্রে সংশ্লিষ্ট বার্তাসম্পাদক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ডকুমেন্টটি সম্প্রচারিত হয়েছে মর্মে সম্প্রচারের তারিখ উল্লেখসহ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;

(৬) অসত্য তথ্য প্রদান করে দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৭) প্রাপ্ত আবেদনপত্রসমূহ ৭ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক ২৫ নম্বরের (শিক্ষাগত যোগ্যতা-৫, অভিজ্ঞতা -১০ এবং দাখিলকৃত ৩ টি প্রতিবেদন/রিপোর্ট এর গুণগত মান-১০) ভিত্তিতে একটি সংক্ষিপ্ত তালিকা করবে;

(৮) সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত সাংবাদিকদের নিয়ে ফাউন্ডেশন 'বাংলাদেশের কারুশিল্প ও মিডিয়ার ভূমিকা' শীর্ষক একটি ওয়ার্কশপের আয়োজন করবে এবং উক্ত ওয়ার্কশপের ৭ কর্মদিবসের মধ্যে প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীগণ তাদের কর্মপরিকল্পনা দাখিল করবে।

## ৭. 'মুল্যায়ন কমিটি' গঠন

মিডিয়া ফেলোশীপপ্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বাছাই, মনোনয়ন ও মূল্যায়নের জন্য নিম্নরূপভাবে একটি 'মূল্যায়ন কমিটি' থাকবে:

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩) পরিচালনা বোর্ডের কারুশিল্প অনুরাগী সদস্য (বোর্ডের চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪)গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে এর প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | সদস্য সচিব |

## ৮. কমিটির কার্যপরিধি

(১) কমিটি প্রাপ্ত আবেদনসমূহে প্রাথমিকভাবে বাছাই করে 'সংক্ষিপ্ত তালিকা' তৈরি করবে এবং সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত সাংবাদিকদের কর্মপরিকল্পনা মূল্যায়ন করে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার একজন করে মোট দুইজন সাংবাদিককে ফেলোশীপ প্রদানের জন্য সুপারিশকরবে;

(২) ফেলোশিপপ্রাপ্ত সাংবাদিকদের তৈরিকৃত প্রতিবেদন/রিপোর্ট মূল্যায়ন করে ফেলোশিপের দ্বিতীয় কিস্তি প্রদানের সুপারিশ করবে।

## ৯. ফেলোশিপের অর্থ প্রদান

(১) ফেলোশিপের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত সাংবাদিকগণকে ফাউন্ডেশন পত্র দ্বারা অবহিত করবে এবং চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানাবে;

(২) চুক্তি স্বাক্ষরের পর নির্বাচিত ফেলোকে ফেলোশিপের অর্থমূল্যের ৪০ ভাগ প্রদান করা হবে;

(৩) ফেলোশিপের শর্ত অনুযায়ী নির্বাচিত সাংবাদিক কর্তৃক অনুচ্ছেদ ৪(৪) অনুযায়ী প্রস্তুতকৃত ৩ (তিন) টি প্রতিবেদন বা রিপোর্ট ৬ (ছয়) মাসের মধ্যে ফাউন্ডেশন বরাবর জমা প্রদান করবেন এবং 'মূল্যায়ন কমিটি' কর্তৃক মূল্যায়ন শেষে সফলভাবে কাজ সম্পন্ন করার পরিপ্রেক্ষিতে বাকি ৬০ ভাগ অর্থ পরিশোধ করা হবে;

(৪) ফেলোশিপের অর্থ হতে প্রচলিত আইন/বিধি অনুযায়ী অগ্রিম আয়কর কর্তন করা হবে;

(৫) সন্তোষজনকভাবে কাজ শেষ করতে ব্যর্থ হলে অথবা চুক্তিতে উল্লিখিত সংখ্যক প্রতিবেদন বা ডকুমেন্টারি/রিপোর্ট জমা দিতে ব্যর্থ হলে অগ্রিম হিসেবে গৃহীত অর্থ ফেরত প্রদান করতে বাধ্য থাকবেন। ব্যর্থতায় প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করা যাবে;

(৬) ফাউন্ডেশন ফেলোশিপ প্রোগ্রামের মাধ্যমে তৈরিকৃত প্রতিবেদন ও ডকুমেন্ট এর বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

১০. '**মিডিয়া ফেলোশিপ' প্রদান তহবিল**

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮-এর ধারা-৯ ধারায় গঠিত তহবিল হতে এ পুরস্কার প্রদানের যাবতীয় ব্যয় ভার বহন করা হবে।

**১১.নীতিমালার সংশোধন**

প্রয়োজনে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে এ নীতিমালা সংশোধন করা যাবে।

ক্যাটাগরি (টিক দিন)

☐ প্রিন্ট মিডিয়া ☐ ইলেকট্রনিক মিডিয়া

**লোক ও কারুশিল্প মিডিয়া ফেলোশিপ এর আবেদন**

১. নাম :

২. পিতার নাম :

৩. মাতার নাম :

৪. জন্ম তারিখ ও বয়স

৫. শিক্ষাগত যোগ্যতা :
((বিস্তারিত জীবন-বৃত্তান্ত সংযুক্ত করুণ)

৬. বর্তমান পদবি ও কর্মস্থল :

৭. সাংবাদিক হিসেবে মোট কর্মকাল :
(বিস্তারিত জীবন-বৃত্তান্তে উল্লেখ করুন)

৮. যোগাযোগের ঠিকানা :

৯. জাতীয় পরিচয়পত্রের নম্বর :

১০. দাখিলকৃত ৩ টি প্রতিবেদন সম্পর্কিত তথ্য :

| শিরোনাম | প্রকাশ/প্রচারের তারিখ | সংবাদপত্র/টিভি চ্যানেলের নাম |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |

১১. নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্রের কপি:

১২. নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতির কপি:

আমি এই মর্মে অংগীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য ।

(আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ)

<u>সংযুক্তি</u>

১. জীবন বৃত্তান্ত

২. জাতীয় পরিচয়পত্র

৩. সদ্যতোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি

৪. প্রতিবেদন (প্রিন্ট মিডিয়া)/ রিপোর্ট (ইলেকট্রনিক মিডিয়া'র) কপি/সিডি/ডিভিডি